

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.১১.১৮০.২৩- ১৪৫৪

তারিখঃ ১৭ পৌষ ১৪২৯ ব.
০১ জানুয়ারী ২০২৩ খ্রি.

খন্ডকালীন নিয়োগ বিজ্ঞপ্তি


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (খন্ডকালীন) নিয়োগের নিমিত্ত পার্শ্বে উল্লিখিত শর্তানুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	চিকিৎসক	০১ (এক)	১৮,০০০/-	এমবিবিএস পাশ হতে হবে এবং চিকিৎসা সেবায় বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
০২	ইমাম	০১ (এক)	১৭,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কামিল/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত বক্তৃতা (খুতবাহ পাঠ) প্রদান এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
০৩	মুয়াজ্জিন	০১ (এক)	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসাবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তবলী:

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০২। খন্ডকালীন চিকিৎসককে ইনস্টিটিউটের বিধিবিধান দ্বারা নির্ধারিত ছুটির দিন ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সপ্তাহে ০২ দিন ০৪(চার) ঘন্টা (আলোচনা সাপেক্ষে সময়/বার নির্ধারণ করা হবে) করে কর্মকর্তা/কর্মচারী, প্রশিক্ষণার্থী ও কমপ্লেক্সে বসবাসকারীদের চিকিৎসা সেবা প্রদান ও চিকিৎসা সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পাদন করতে হবে। এছাড়াও জরুরী প্রয়োজনে টেলিফোনের মাধ্যমে অথবা সরাসরি চিকিৎসা সেবা প্রদান করবেন।
- ০৩। আবেদনকারীকে আগামী ১০/০১/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, ডেইরীফার্ম, সাভার, ঢাকা-১৩৪১ বরাবর আবেদন প্রেরণ করতে হবে।
- ০৪। আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবির সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদন ও খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।

- ০৫। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ইমেইল/নোটিশ বোর্ড এর মাধ্যমে জানানো হবে।
- ০৬। আবেদনকারীকে আবেদন পত্রের সাথে খন্ডকালীন চিকিৎসক পদের ক্ষেত্রে ১০০০/- টাকা, খন্ডকালীন ইমাম পদের এর ক্ষেত্রে ৩০০/- টাকা এবং খন্ডকালীন মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ২০০/- টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বরাবর প্রদান করতে হবে।
- ০৭। খন্ডকালীন চিকিৎসককে মাসিক সর্বসাকুল্যে ১৮,০০০/- টাকায়, খন্ডকালীন ইমামকে সর্বসাকুল্যে ১৭,০০০/- টাকায় এবং খন্ডকালীন মুয়াজ্জিনকে সর্বসাকুল্যে ১০,০০০/- টাকা প্রদান করা হবে। উল্লিখিত ০৩ (তিন)টি পদে খন্ডকালীন নিয়োগ দেয়া হবে। নিয়োগের মেয়াদ আলোচনা সাপেক্ষে হ্রাস-বৃদ্ধি হতে পারে।
- ০৮। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না এবং কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে পরবর্তীতে বিষয়টি প্রমাণিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন বা বাতিল এবং যে কোন সময় নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৯.০৩.২৬

শাহাব উদ্দিন সরকার

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।